# খুচরা ড্রাগ লাইসেন্স প্রদান সংক্রান্ত নির্দেশনা

ঔষধ প্রশাসন অধিদপ্তর AUTOMATED DRUG LICENSING AND RENEWAL SYSTEM (ADLRS) সফটওয়্যার এর মাধ্যমে নতুন খুচরা ড্রাগ লাইসেন্সের আবেদন গ্রহণের পূর্বে নিম্নলিখিত বিষয়াদি বিবেচনায় নিতে হবে:-

১। ফার্মেসী প্রতিষ্ঠা সংক্রান্ত নিয়ম-কানুন উক্ত এলাকার ঔষধ প্রশাসন অধিদপ্তরের কার্যালয় হতে জেনে নিতে হবে।

২। ফার্মেসী স্থাপনের জন্য আবেদন গ্রহণ করার পূর্বে উক্ত স্থানে এবং তার আশে পাশের অন্যান্য ফার্মেসী/ব্যবসা প্রতিষ্ঠান বিবেচনায় নিতে হবে।

৩। বাংলাদেশের বর্তমান তাপমাত্রা ও হিউমিডিটি বিবেচনায় নিয়ে তাপমাত্রা ও হিউমিডিটি নিয়ন্ত্রণ নিশ্চিত করে ফার্মেসীর লাইসেন্স প্রদান করতে হবে।

৪। ফার্মেসীর মালিক নিজে ফার্মাসিস্ট হলে অগ্রাধিকার প্রদান করতে হবে এবং ফার্মাসিস্টের ফার্মাসিস্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (হালনাগাদকৃত) এর মূল কপি অবশ্যই দাখিল করতে হবে।

৫। ফার্মেসীর মালিক নিজে ফার্মাসিস্ট না হলে নিয়োগকৃত ফার্মাসিস্টের ফার্মাসিস্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (হালনাগাদকৃত) এর মূল কপি অবশ্যই দাখিল করতে হবে।

৬। ফার্মেসী যতক্ষণ খোলা থাকবে ততক্ষণ ফার্মেসীতে ফার্মাসিস্ট হিসেবে নিয়োজিত ব্যক্তির উপস্থিতি নিশ্চিত করতে হবে।

৭। ফার্মেসী ম্যানেজমেন্ট সফটওয়্যার বা সুবিধাজনক পদ্ধতি ব্যবহার করে ফার্মেসীর ক্রয়-বিক্রয় সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করতে হবে।

৮। আপাতত কোন প্রতিষ্ঠানের ফ্র্যাঞ্চাইজি এর নামে নতুন কোন খুচরা ড্রাগ লাইসেন্স এর আবেদন গ্রহণ করা যাবে না।

৯। নতুন ফার্মেসী স্থাপনের আবেদনের ক্ষেত্রে পূর্বের অন্যান্য সকল ডকুমেন্টসসমূহ অপরিবর্তিত থাকবে।